58

দৈনিক ইত্তেফাক

তারিখ 22 APR 1996
পৃষ্ঠা 12 কলাম 9

# শিক্ষক সমিতি ফেডারেশনের স্মারকলিপি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বেসরকারী কলেজ অধ্যক্ষ ও স্কুলের প্রধান শিক্ষকদের স্থগিতকৃত বেতন ভাতার সরকারী অংশ প্রদান এবং বেসরকারী স্কুল, কলেজ এবং মাদ্রাসার কর্মরত শিক্ষক কর্মচারীদের হাতে তাহাদের এপ্রিল মাসের বেতন ভাতার সরকারী অংশ ঈদুল আজহার পূর্বেই পৌছিয়া দেওয়ার দাবীতে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন গতকাল (রবিবার) শিক্ষা উপদেষ্টা অধ্যাপক শামসুল হকের নিকট স্মারকলিপি প্রদান করে। ফেডারেশনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ কাজী ফারুক আহমদের নেতৃত্বে শিক্ষক প্রতিনিধি দলের

( ২য় পৃ: ৬-এর ক: দ্র: )

## শিক্ষক সমিতি ফেডারেশন

(শেষ পৃ: পর)

স্মারক[illegible] [illegible]শকালে কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ জহিরুল ইসলাম, শি[illegible]ক নেতা অধ্যাপক আসাদুল হক, মোঃ সেলিম ভূইয়া, অধ্যক্ষা রাজিয়া বেগম প্রমুখ উপস্থিত ছিলেন। ফেডারেশন প্রতিনিধিদল বেসরকারী কলেজের অধ্যাপক, সহযোগী পদ সৃষ্টি ও পদোন্নতি, অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও প্রধান শিক্ষকদের পরবর্তী উচ্চতর বেতনক্রমে অন্তর্ভুক্তিসহ শিক্ষকদের বিভিন্ন দাবী-দাওয়া উপদেষ্টার নিকট উপস্থাপন করেন।